গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা ৭৭/২০১৮-১৯

ঢাকা, বুধবার ১৭ অক্টোবর ২০১৮, ২ কার্তিক ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। রাষ্ট্রপতির কাছে দুই রাষ্ট্রদূতের পরিচয়পত্র পেশ

২। প্রধানমন্ত্রীকে সৌদি আরবের রিয়াদে লালগালিচা সংবর্ধনা

৩। প্রযুক্তির সর্বোচ্চ ব্যবহারে স্পিকারের গুরুত্বারোপ

৪। যুক্তরাষ্ট্র ও চীনের বাণিজ্যযুদ্ধ দ্রুত উপশম হওয়া প্রয়োজন : অর্থমন্ত্রী

৫। ২০৩০ সালে বাংলাদেশ হবে ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত : বাণিজ্যমন্ত্রী

৬। বৈশ্বিক ক্ষুধা সূচকে বাংলাদেশের দুই ধাপ অগ্রগতি

৭। ডিজিটাল নিরাপত্তা আইনের ফলে গণমাধ্যমের কোনো ক্ষতি হবে না : তথ্যমন্ত্রী

৮। উষ্ণায়নের ফলে সবাই কমবেশি ক্ষতিগ্রস্ত হচ্ছে : পানিসম্পদ মন্ত্রী

৯। গবাদিপশুর খুরা রোগ প্রতিরোধে নতুন টিকা উদ্ভাবন করলেন বাংলাদেশের বিজ্ঞানীরা

১০। সাম্প্রদায়িক উস্কানি বরদাশত করা হবে না : স্বরাষ্ট্রমন্ত্রী

১১। জলবায়ুর প্রভাব মোকাবিলায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ভূমিকা অনন্য : পরিবেশ উপমন্ত্রী

১২। ভারতে বাংলাদেশি পণ্যের রফতানি ১৪২ শতাংশ বৃদ্ধি

চলমান পাতা-২

**১।	রাষ্ট্রপতির কাছে দুই রাষ্ট্রদূতের পরিচয়পত্র পেশ**

বাংলাদেশে সদ্য নিযুক্ত দক্ষিণ কোরিয়া এবং নেদারল্যান্ডসের রাষ্ট্রদূতগণ গতকাল (১৬ অক্টোবর মঙ্গলবার) বঙ্গভবনে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদের কাছে পৃথকভাবে তাঁদের পরিচয়পত্র পেশ করেছেন। রাষ্ট্রদূতদ্বয় হলেন, দক্ষিণ কোরিয়ার হু কং ইল এবং নেদারল্যান্ডসের হেন্দ্রিকুস জি.জে (হ্যারি) ভারওয়েজ। রাষ্ট্রপতি নবনিযুক্ত দুই রাষ্ট্রদূতকে স্বাগত জানিয়ে ঢাকায় তাঁদের দায়িত্ব পালনকালে দেশ দু'টির সঙ্গে বাংলাদেশের দ্বিপক্ষীয় সম্পর্ক আরো জোরদার হবে বলে আশা প্রকাশ করেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৪,ক.৮), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.৩,ক.১)।

**২।	প্রধানমন্ত্রীকে সৌদি আরবের রিয়াদে লালগালিচা সংবর্ধনা**

বাদশাহ সালমান বিন আব্দুল আজিজ আল সৌদের আমন্ত্রণে চারদিনের সফরে সৌদি আরব পৌঁছেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল (১৬ অক্টোবর মঙ্গলবার) বিকেল সাড়ে ৩টায় বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের উড়োজাহাজ 'অরুণ আলো' প্রধানমন্ত্রীকে নিয়ে সৌদি আরবের পথে রওনা হয়। সৌদি আরবের স্থানীয় সময় সন্ধ্যা ৬টা ৫১ মিনিটে রিয়াদের কিং খালিদ আন্তর্জাতিক বিমানবন্দরে উড়োজাহাজটি অবতরণ করে। বিমানবন্দরে প্রধানমন্ত্রীকে লালগালিচা সংবর্ধনা দেওয়া হয়। সেখানে প্রধানমন্ত্রীকে স্বাগত জানান রিয়াদের গভর্নর এবং সেদেশে বাংলাদেশের রাষ্ট্রদূত গোলাম মসিহ্। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **প্রথম আলো** (পৃ.২,ক.৮), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.১)।

**৩।	প্রযুক্তির সর্বোচ্চ ব্যবহারে স্পিকারের গুরুত্বারোপ**

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, সৃজনশীলতা ও প্রযুক্তির ইতিবাচক পরিবর্তনের ক্ষেত্রে বিশ্বে সংসদ সদস্যদের ভূমিকা গুরুত্বপূর্ণ। সংসদীয় কূটনীতি বৃদ্ধি করে অভিজ্ঞতা ও তথ্য বিনিময়ের মাধ্যমে সংসদ সদস্যদের জনকল্যাণে দায়িত্বশীল ভূমিকা রাখার সুযোগ রয়েছে। গতকাল (১৬ অক্টোবর মঙ্গলবার) সুইজারল্যান্ডের জেনেভায় ১৩৯তম ইন্টার পার্লামেন্টারি ইউনিয়ন অ্যাসেম্বলিতে 'পার্লামেন্টারি লিডারশিপ ইন প্রমোটিং পিস এন্ড ডেভেলপমেন্ট ইন দ্য এইজ অভ্ ইনোভেশন এন্ড টেকনোলজি' শীর্ষক ডিবেটে তিনি এসব কথা বলেন। তিনি বলেন, জনকল্যাণে বিশ্বের সকল সংসদ সদস্য সোচ্চার হলে প্রযুক্তির ব্যবহার বৃদ্ধি করা সম্ভব। তিনি বলেন, ই-পার্লামেন্টের আওতায় সংসদ সদস্যরা প্রযুক্তির ব্যবহার বৃদ্ধি করতে পারেন। এক্ষেত্রে গণতন্ত্র শক্তিশালী করার ওপর গুরুত্বারোপ করে তিনি বলেন, সব সংসদ সদস্যকে জনগণের কল্যাণেই কাজ করে যেতে হবে। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.৬)।

**৪।	যুক্তরাষ্ট্র ও চীনের বাণিজ্যযুদ্ধ দ্রুত উপশম হওয়া প্রয়োজন : অর্থমন্ত্রী**

যুক্তরাষ্ট্রের সঙ্গে চীনের বাণিজ্যযুদ্ধে বাংলাদেশের লাভবান হওয়ার কোনো সুযোগ নেই। বরং এ যুদ্ধের ফলে দেশের রফতানি বাণিজ্যে নতুন চ্যালেঞ্জ যুক্ত হতে পারে। শুধু বাংলাদেশ নয়, বিশ্ব অর্থনৈতিক ভারসাম্য রক্ষায় যুক্তরাষ্ট্র ও চীনের এ বাণিজ্যযুদ্ধ দ্রুত উপশম হওয়া প্রয়োজন বলে মনে করেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। সম্প্রতি ইন্দোনেশিয়ার বালিতে অনুষ্ঠিত বিশ্বব্যাংক-আইএমএফের বার্ষিক সাধারণসভার বিভিন্ন ফোরামে অর্থমন্ত্রী দ্রুত এ বাণিজ্যযুদ্ধ নিরসনের তাগিদ দিয়েছেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২)।

**৫।	২০৩০ সালে বাংলাদেশ হবে ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত : বাণিজ্যমন্ত্রী**

বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, ২০৩০ সালে বাংলাদেশ হবে ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত। কৃষি বিজ্ঞানীদের প্রচেষ্টায় বাংলাদেশের বিস্ময়কর উত্থান হয়েছে। বাংলাদেশ আজ উন্নয়নের অনেক সূচকে ভারত ও পাকিস্তানকেও ছাড়িয়ে গেছে। মানবসম্পদ উন্নয়ন, মাথাপিছু আয় ও অর্থনৈতিক ভঙ্গুরতা তিনটি সূচকে তাদের থেকে বাংলাদেশ অনেক এগিয়ে। গতকাল (১৬ অক্টোবর মঙ্গলবার) রাজধানীর ফার্মগেটে বাংলাদেশ কৃষিবিদ ইনস্টিটিউশন অডিটোরিয়ামে বিশ্ব খাদ্য দিবস-২০১৮ উপলক্ষে অনুষ্ঠিত সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শে পৃ,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ডেইলি সান** (শেষ পৃ,ক.২)।

**৬।	বৈশ্বিক ক্ষুধা সূচকে বাংলাদেশের দুই ধাপ অগ্রগতি**

চলতি মাসে প্রকাশিত বৈশ্বিক ক্ষুধা সূচক ২০১৮তে। প্রতিবেশী দেশগুলোর তুলনায় সাফল্য দেখিয়েছে বাংলাদেশ। চলতি বছরের বৈশ্বিক ক্ষুধা সূচকে ১১৯টি দেশের মধ্যে এবার বাংলাদেশের অবস্থান ৮৬তম এবং ২০১৬ সালে ছিল ৯০তম। এ ক্ষেত্রে বাংলাদেশ পেছনে ফেলেছে দুই প্রতিবেশী দেশ ভারত ও পাকিস্তানকে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৭)।

**৭।	ডিজিটাল নিরাপত্তা আইনের ফলে গণমাধ্যমের কোনো ক্ষতি হবে না : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, জনগণ ও ডিজিটাল সমাজকে রক্ষা করতেই ডিজিটাল নিরাপত্তা আইন করা হয়েছে। এর ফলে গণমাধ্যমের কোনো ক্ষতি হবে না। প্রেস কাউন্সিল শক্তিশালী করতে আইন সংশোধন করা হচ্ছে বলেও জানান তিনি। গতকাল (১৬ অক্টোবর মঙ্গলবার) নিজ বাসভবনে রুরাল জার্নালিস্ট ফাউন্ডেশনের ২০ সদস্যের প্রতিনিধিদলের সঙ্গে মতবিনিময় সভায় তিনি এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.১), **ইত্তেফাক** (শেষ পৃ,ক.৫)।

**৮।	উষ্ণায়নের ফলে সবাই কমবেশি ক্ষতিগ্রস্ত হচ্ছে : পানিসম্পদ মন্ত্রী**

পানিসম্পদ মন্ত্রী আনোয়ার হোসেন মঞ্জু বলেছেন, আমাদের বুঝতে হবে এ গ্রহের পরিবর্তন আসছে। ধীরে ধীরে বসবাসের অযোগ্য হয়ে উঠছে। জলবায়ু পরিবর্তনের ফলে আমাদের দেশে যে সমস্যা সৃষ্টি হবে, তার সমাধান আমাদেরই করতে হবে। সরকারের ওপর আস্থা রাখতে হবে। মন্ত্রী এ ক্ষেত্রে ইতিবাচক মনোভাব পোষণ করার অনুরোধ জানিয়ে উষ্ণায়নের ফলে সবাই কমবেশি ক্ষতিগ্রস্ত হচ্ছে বলে মন্তব্য করেন। গতকাল (১৬ অক্টোবর মঙ্গলবার) রাজধানীর ইউনিভার্সিটি অভ্ প্রফেশনালস এর বিজয় অডিটোরিয়ামে বিশ্ববিদ্যালয়ের ফ্যাকাল্টি অভ্ সাইন্স অ্যান্ড টেকনোলজির আয়োজনে জলবায়ুবিষয়ক এক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.৫), **ভোরের কাগজ** (পৃ.৩,ক.২),**অবজারভার** (পৃ.২,ক.২)।

**৯।	গবাদিপশুর খুরা রোগ প্রতিরোধে নতুন টিকা উদ্ভাবন করলেন বাংলাদেশের বিজ্ঞানীরা**

গবাদিপশুর খুরা রোগ প্রতিরোধে নতুন টিকা উদ্ভাবন করেছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের অনুজীব বিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. আনোয়ার হোসেনের নেতৃত্বে ১৭ বিজ্ঞানী। নতুন উদ্ভাবিত এ টিকা প্রাণীর প্রটেক্টিভ লেভেলের চেয়ে বেশি অ্যান্টিবডি ও ভাইরাস আক্রমণ প্রতিহত করতে সক্ষম। নতুন টিকা দেশে বিদ্যমান খুরা রোগের তিন ধরনের ভাইরাসের সকল প্রকার সংক্রমণ থেকেই গবাদিপশুকে অত্যন্ত সফলভাবে সুরক্ষা দিতে সক্ষম, যার মূল্যও হবে বাজারে প্রচলিত টিকার চেয়ে অনেক কম। প্রতিটি টিকার মূল্য ৬০ থেকে ৭০ টাকা। গতকাল (১৬ অক্টোবর মঙ্গলবার) রাজধানীর মাতৃভাষা ইনস্টিটিউটে গবাদিপশুর খুরা রোগ প্রতিরোধে উদ্ভাবিত টিকা নিয়ে আয়োজিত সংবাদসম্মেলনে এসব তথ্য জানান শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **সমকাল** (পৃ.৪,ক.৬), **নিউ নেশন** (শেষ পৃ,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.৭)।

**১০।	সাম্প্রদায়িক উস্কানি বরদাশত করা হবে না : স্বরাষ্ট্রমন্ত্রী**

বাংলাদেশে জঙ্গি-সন্ত্রাস এবং সাম্প্রদায়িক উস্কানিদাতাদের স্থান নেই। র‍্যাব ও পুলিশসহ আমরা সবাই আপনাদের পাশে আছি। কেউ যদি অন্য সুরে কিংবা অন্য চোখে দেখে, তাহলে এর ব্যবস্থা নেওয়া হবে। আপনারা শান্তিপূর্ণভাবে পূজা উদ্‌যাপন করুন। গতকাল (১৬ অক্টোবর মঙ্গলবার) রাজধানীর পুরান ঢাকার ঢাকেশ্বরী পূজামণ্ডপে 'শারদীয় শুভেচ্ছা ' শীর্ষক আলোচনাসভায় স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল এসব কথা বলেন। সূত্র-**ইনকিলাব** (পৃ.৩,ক.২), **যুগান্তর** (শেষ পৃ.ক.৫)।

১১। জলবায়ুর প্রভাব মোকাবিলায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ভূমিকা অনন্য : পরিবেশ উপমন্ত্রী

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন উপমন্ত্রী আবদুল্লাহ আল ইসলাম জ্যাকব বলেছেন, জলবায়ুর প্রভার মোকাবিলায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ভূমিকা অনন্য। তিনি সোমবার ইথিওপিয়ার রাজধানী আদ্দিস আবাবায় অনুষ্ঠিত জলবায়ু পরিবর্তনবিষয়ক এলডিসি মন্ত্রীপর্যায়ের সভার সমাপনী অধিবেশনে এ কথা বলেন। উপমন্ত্রী বলেন, প্যারিস চুক্তি জলবায়ু পরিবর্তনের জন্য বৈশ্বিক সমস্যা সমাধানের সবচেয়ে ব্যবহারিক এবং কার্যকর পদক্ষেপ। প্যারিস চুক্তি বাস্তবায়নে বাংলাদেশ বদ্ধপরিকর। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.১), **সমকাল** (পৃ.২,ক.৮)।

১২। ভারতে বাংলাদেশি পণ্যের রফতানি ১৪২ শতাংশ বৃদ্ধি

প্রতিবেশী দেশ ভারতের সঙ্গে বাংলাদেশের বাণিজ্য পরিস্থিতির ক্রমশ উন্নতি হচ্ছে। দেশটিতে বাড়ছে বাংলাদেশি পণ্যের রফতানি। চলতি ২০১৮-১৯ অর্থবছরের প্রথম প্রান্তিকেই (জুলাই-সেপ্টেম্বর) **১৪২** শতাংশ পর্যন্ত রফতানি আয় বেড়েছে। রফতানি উন্নয়ন ব্যুরো (ইপিবি) এর সূত্রে এ তথ্য জানা গেছে। অন্যান্য পণ্যের সঙ্গে ভারতে তৈরিপোশাক রফতানি থেকেও আয় বাড়ছে। এতে দেখা গেছে, শুধু তৈরিপোশাক খাত থেকেই এ সময় আয় বেড়েছে **১৬৭ শতাংশ**। যার অর্থমূল্যের পরিমাণ সাড়ে **১৪** কোটি মার্কিন ডলার। গত অর্থবছরে একই সময়ে এ আয়ের পরিমাণ ছিল ৫ কোটি ৪০ লাখ ডলারের কিছু বেশি। সূত্র-**যুগান্তর** (পৃ.১৪,ক.৬)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** বিশ্বব্যাংক প্রকাশিত 'ওয়ার্ল্ড ডেভেলপমেন্ট রিপোর্ট-২০১৯ : দ্য চেঞ্জিং নেচার অভ্ ওয়ার্ক' শীর্ষক প্রতিবেদনে সারাবিশ্বে ইন্টারনেটভিত্তিক শ্রমশক্তির **১৫** ভাগ রয়েছে বাংলাদেশে এ তথ্যে সন্তোষ প্রকাশ করে দক্ষ মানবসম্পদ গড়ে তুলতে এ খাতে বাড়তি বিনিয়োগ করার ওপর গুরুত্বারোপ।

খ. **বণিক বার্তা** : দেশের বাণিজ্যের প্রায় সবটাই চট্টগ্রাম সমুদ্রবন্দরকে ঘিরে আবর্তিত হয় বলে আমদানি-রফতানিভিত্তিক অর্থনীতি সচল রাখতে চট্টগ্রাম বন্দরের সক্ষমতা বৃদ্ধির বিকল্প নেই বলে মতপ্রকাশ।

গ. **যায়যায়দিন :** ২০১৪ থেকে ২০১৮ সাল পর্যন্ত বিভিন্ন কারণে টিকতে না পেরে দেশের প্রায় **১২০০** পোশাক তৈরির কারখানা বন্ধ হয়ে গেছে ও নিকটতম ভবিষ্যতে দেশের বহু পোশাক কারখানা বন্ধ হয়ে যেতে পারে বলে আশঙ্কা প্রকাশ করেছে বাংলাদেশ তৈরি পোশাক প্রস্তুতকারক ও রপ্তানিকারক সমিতি (বিজিএমইএ) উল্লেখ করে এ ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঘ. **জনকণ্ঠ :** সরকারি চাকরিজীবী ও তাদের পরিবারের সদস্যদের জন্য চিকিৎসা বীমা চালু করতে যাচ্ছে সরকার উল্লেখ করে এ উদ্যোগকে সাধুবাদ জানিয়ে অবিলম্বে তা বাস্তবায়ন করা হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

ঙ. **প্রথম আলো :** সুনামগঞ্জের ধরমপাশা উপজেলার কান্দাপাড়া গ্রামের সামনে থেকে জয়শ্রী পশ্চিমবাজার পর্যন্ত পাঁচ কিলোমিটার সড়কটি পাকা করার এক বছর না যেতেই বিভিন্ন স্থান ভেঙে খানাখন্দের সৃষ্টি হওয়ায় স্থানীয় ইজিবাইক মালিক সমিতি সড়কটি সংস্কারের উদ্যোগ নিয়েছে উল্লেখ করে সারাদেশে সড়ক নির্মাণে ও রক্ষণাবেক্ষণে এ ধরনের অনিয়মের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

চ. **নিউজ টুডে :** প্রতিমাসে গড়ে চার হাজার শিশু চোখের সমস্যা নিয়ে রাজধানীর হাসপাতালগুলোতে চিকিৎসা নিতে আসে এ তথ্যে উদ্বেগ প্রকাশ করে চোখের জন্য ক্ষতিকর ভিডিওগেমে আসক্তি থেকে শিশুদের মুক্ত করতে রাজধানীতে খেলাধুলার জন্য পর্যাপ্ত পার্ক গড়ে তোলার ওপর গুরুত্বারোপ।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** রংপুর জেলায় ৩০৯টি কমিউনিটি ক্লিনিকে সর্বস্তরের প্রায় ২২ লাখ লোকের স্বাস্থ্যসেবা পাওয়ার বিষয় তুলে ধরে কমিউনিটি ক্লিনিকের স্বাস্থ্যসেবা প্রাপ্তি নিশ্চিত করতে তৃণমূল পর্যায়ে আরও পদক্ষেপ গ্রহণের সুপারিশ।

উপসম্পাদকীয়

সংবাদ পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, শিক্ষাক্ষেত্রে টেকসই উন্নয়নের জন্য অধিকতর কার্যকর ও যুগোপযোগী শিক্ষাব্যবস্থা গড়ে তোলার বিকল্প নেই।

নিবন্ধ ও ফিচার

ইনকিলাব পত্রিকায় প্রকাশিত **'খাদ্য উৎপাদন বৃদ্ধিতে কৃষিকে গুরুত্ব দিতে হবে'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, কৃষিকে উপেক্ষা করে শিল্পায়ন মানবজাতির সার্বিক উন্নয়ন ও অগ্রগতি নিশ্চিত করতে

পারবে না।

#

ডালিয়া/ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা